

বিষয়ঃ কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠান পুনরায় চালু করনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্প্রতি জারিকৃত নির্দেশনার আলোকে মর্নিং গ্লোরি স্কুল অ্যান্ড কলেজ এর সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং অভিভাবকদের করণীয় সমূহঃ

১। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠান পুনরায় চালু করনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্প্রতি জারিকৃত নির্দেশনার আলোকে মর্নিং গ্লোরি স্কুল অ্যান্ড কলেজ এর সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং অভিভাবকদের করণীয় সমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

ক। শিক্ষার্থীদের করণীয়ঃ

- (১) নিজ বাড়ি ব্যতীত অন্য সকল স্থান এবং বিদ্যালয়ে অবস্থানকালে সার্বক্ষণিক নিরাপদ/সার্জিকেল মাস্ক পরিধান করা।
- (২) সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড হাত ধোয়া।
- (৩) শারীরিক দূরত্ব (৩ ফুট) বজায় রাখা।
- (৪) শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশকালে “কন্টাক্টলেস থার্মাল স্ক্যানার” ব্যবহার করতে দেয়া।
- (৫) তরল ব্লিচিং/ক্লোরিনযুক্ত পানিতে পরিধেয় জুতা সেনিটাইজ করে নেয়া।
- (৬) দূরত্ব বজায় রেখে লাইন ধরে সুশৃঙ্খলভাবে বিদ্যালয়ে প্রবেশ করা।
- (৭) স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিদ্যালয়ের সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা।
- (৮) বাসা থেকে নিরাপদ খাবার পানি ও টিফিন সঙ্গে আনা।
- (৯) অতি আবশ্যিক না হলে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ক্যান্টিন/বাহিরের খাবার গ্রহণ না করা।
- (১০) শ্রেণিকক্ষে এবং খেলার মাঠে অবস্থান কালে বিদ্যালয়ের নিয়ম মেনে চলা।
- (১১) হাঁচি-কাশির শিষ্টাচার আবশ্যিকভাবে মেনে চলা।
- (১২) জ্বরজ্বর অনুভূত হলে শিক্ষককে সাথে সাথে অবহিত করা/ পূর্বে থেকেই জ্বর বা সর্দিকাশি থাকলে বিদ্যালয়ে আগমন না করা।
- (১৩) কেউ কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে থাকলে তথ্য গোপন না করা।

খ। অভিভাবকগণের করণীয়ঃ

- (১) শিক্ষাপ্রতিষ্ঠানে প্রবেশকালে মাস্ক পরিধান করা।
- (২) শারীরিক দূরত্ব (৩ফুট) বজায় রাখা।
- (৩) প্রবেশ গেইটে “কন্টাক্টলেস থার্মাল স্ক্যানার” ব্যবহার করতে দেয়া।
- (৪) তরল ব্লিচিং/ক্লোরিনযুক্ত পানিতে পরিধেয় জুতা সেনিটাইজ করে প্রবেশ করা।
- (৫) জনস্বাস্থ্য বিবেচনায় সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে নিজে মেনে চলা এবং শিক্ষার্থীকে মানতে সাহায্য করা।
- (৬) বাসা থেকে শিক্ষার্থীর জন্য টিফিন এবং খাবার পানি দিয়ে দেয়া।
- (৭) প্রতিষ্ঠানে অবস্থান কালে হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলা।
- (৮) শিক্ষার্থী বা নিজে বা পরিবারের কোন সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে থাকলে গোপন না করে শিক্ষাপ্রতিষ্ঠানে গমনাগমন থেকে বিরত থাকা।
- (৯) জ্বরজ্বর অনুভূত হলে শিক্ষার্থীকে প্রতিষ্ঠানে প্রেরণ না করা।